Ex./BANGLA/PG/1.1/2018

**স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৮**

**(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)**

**বিভাগ - বাংলা**

**ভাষাবিজ্ঞান**

**কোর্স পি.জি. - ১.১**

সময় দু ঘণ্টা — পূর্ণমান ৩০

যে কোনও ***৩টি*** প্রশ্নের উত্তর দাও।

১. স্বনিম (Phoneme) কাকে বলে? বাংলা ভাষার স্বর-স্বনিমগুলি নির্দেশ করে জিহ্বার অবস্থান, ঠোঁটের আকৃতি এবং ওষ্ঠের উন্মুক্তি অনুসারে সাজাও। বাংলা ভাষা থেকে উদাহরণ দিয়ে বিস্বন (Allophone) সম্পর্কে তোমার ধারণাটি বুঝিয়ে দাও। ৩+১+৩+৩=১০

২. ইংরেজি ভাষায় যা Syllable নামে পরিচিত ছন্দের আলোচনায় তাকে কেউ বলেছেন 'অক্ষর', কেউ বলেছেন 'দল'। ভাষাবিজ্ঞানে সাধারণত অক্ষর নামই ব্যবহৃত। তুমি কোন্ পরিভাষাটি সমর্থন করবে? অক্ষর সম্পর্কে তোমার ধারণাটি আলোচনা করে বুঝিয়ে দাও। সেইসঙ্গে বাংলা ভাষায় ব্যবহৃত অক্ষরগুলির গঠন উদাহরণ দিয়ে দেখিয়ে দাও। ২+৩+৫=১০

৩. আলোচনা করো (যে কোনও ***দুটি***) ৫+৫=১০

(ক) নির্দেশক

(খ) পুরুষবাচক বিশেষ্য

(গ) সহরূপিম (allomorph)

(ঘ) নঞর্থক বাক্য

(ঙ) পিজিন (pidgin) ও ক্রেওল (Creole)

(চ) রেজিস্টার

(Turn over)



৪. অ-মৌলিক (Poly clause Dialect) বাক্য কাকে বলে? বাংলা ভাষায় ব্যবহৃত অ-মৌলিক বাক্যগুলির গঠন যথাযথ উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ২+৮=১০

৫. শ্রেণি উপভাষা (class dialect) কাকে বলে? বাংলা ভাষা থেকে উদাহরণ নিয়ে বিভিন্ন ধরনের শ্রেণি উপভাষার পরিচয় দাও। ৩+৭=১০

—— x ——